রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২৭, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ই বৈশাখ ১৪০৩ বাং/২৩শে এপ্রিল ১৯৯৬ ইং

এস, আর, ও, নং ৫৭-আইন/৯৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরনামা**।—এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার, এবং কোন পদে অথবা পদশ্রেণীতে নিয়োগ করিবার জন্য সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;



মূল্য: টাকা ৩·০০

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে বর্ণিত কোন পদের ন্যূনতম যোগ্যতা;

(ছ) "ফিডার পদ" অর্থ কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে উক্ত পদে পদোন্নতির জন্য নির্দিষ্ট নিম্নতর পদ বা পদশ্রেণী;

(জ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনষ্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বা ক্ষেত্রমত, শিক্ষাবোর্ড বা ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষাবোর্ড বা ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি, ইত্যাদি।**—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়, তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইবে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) Bangladesh Public Service Commission (Consultation) Regulation, 1979 এর বিধানাবলী সাপেক্ষে, কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের এবং কমিশনের আওতা বহির্ভূত পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথব বাংলাদেশে ডমিসাইলড না হন; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন, বা ক্ষেত্রমত, উপ-বিধি (১) এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি (যদি থাকে) সহ নির্ধারিত ফরমে ও তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিলে স্বীয় উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিম্নতর শ্রেণীর কোন পদ হইতে উচ্চতর শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসরূপে নিম্নবর্ণিত মেয়াদের জন্য নিয়োগ করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিস মেয়াদ এক বা একাধিক বার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিস মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসরূপে নিযুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তবে উপ-বিধি (৪)-এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই তবে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইবে, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সে পদে প্রত্যাবর্তন করাইবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না তিনি সরকার আদেশবলে যে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই সেই পরীক্ষায় উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা | নিয়োগ পদ্ধতি | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রধান প্রকৌশলী | .. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর পদে ১৮ (আঠার) বৎসরের চাকুরী। |
| ২ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | .. | নির্বাহী প্রকৌশলীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | পুরকৌশলে স্নাতক ডিগ্রী অথবা এ, এম, আই, ই, বাংলাদেশের সেকশন 'এ' এবং সেকশন 'বি' উত্তীর্ণের সনদ এবং ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর পদে ১২ (বার) বৎসরের চাকুরী। |
| ৩ | নির্বাহী প্রকৌশলী (পুর) | .. | সহকারী প্রকৌশলী (পুর) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৪ | সহকারী প্রকৌশলী (পুর) | অনূর্ধ ৩০ বৎসর | (ক) ১/৩ ভাগ পদ বিভাগীয় উপ-সহকারী প্রকৌশলী (পুর) ও এষ্টিমেটরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) ২/৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>পুরকৌশলে ডিপ্লোমাসহ ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>পুরকৌশলে স্নাতক ডিগ্রী অথবা এ, এম, আই, ই, বাংলাদেশের সেকশন 'এ' এবং 'বি' উত্তীর্ণের সনদ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | অনুর্ধ ৩০ বৎসর | (ক) ১/৩ ভাগ পদ বিভাগীয় উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) ২/৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>বিদ্যুৎ কৌশলে ডিপ্লোমাসহ ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>বিদ্যুৎ কৌশলে স্নাতক ডিগ্রী অথবা এ, এম, আই, ই, বাংলাদেশের সেকশন 'এ' এবং 'বি' উত্তীর্ণের সনদ। |
| ৬ | সহকারী প্রকৌশলী (যন্ত্র) | অনুর্ধ ৩০ বৎসর | (ক) উপ-সহকারী প্রকৌশলী (যন্ত্র) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>যন্ত্রকৌশলে ডিপ্লোমাসহ ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>যন্ত্র কৌশলে স্নাতক ডিগ্রী অথবা এ, এম, আই, ই বাংলাদেশ এর সেকশন 'এ' এবং 'বি' উত্তীর্ণের সনদ। |
| ৭ | সহকারী স্থপতি | অনুর্ধ ৩০ বৎসর | (ক) ড্রাফটসম্যানগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>স্থাপত্য কৌশলে ডিপ্লোমাসহ ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>স্থাপত্য কৌশলে স্নাতক ডিগ্রী। |
| ৮ | এষ্টিমেটর | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | পুরকৌশলে ডিপ্লোমা। |
| ৯ | ড্রাফটসম্যান | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্থাপত্য কৌশলে ডিপ্লোমা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | প্রশাসনিক কর্মকর্তা | অনুর্ধ ৩০ বৎসর | (ক) সহকারী প্রশাসনিক অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১ | হিসাব রক্ষণ অফিসার | অনুর্ধ ৩০ বৎসর | (ক) হিসাবরক্ষক ও হিসাব রক্ষণ সহকারী (ক্যাশিয়ার) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে ৮ (আট) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>বাণিজ্য অথবা হিসাব বিজ্ঞানে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। হিসাব রক্ষণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২ | উপ-সহকারী প্রকৌশলী (পুর/বিদ্যুৎ/যন্ত্র) | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ১৩ | ষ্টোর অফিসার | অনুর্ধ ৩০ বৎসর | (ক) সুপারভাইজার (ভাণ্ডার) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :<br>ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>বাণিজ্য অথবা হিসাব বিজ্ঞানে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৪ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা | | নিম্নবর্ণিত পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে :<br>(১) সাটলিপিকার ;<br>(২) উচ্চমান সহকারী ; এবং<br>(৩) সাঁট-মুদ্রাক্ষরিক। | সাঁটলিপিকার বা উচ্চমান সহকারী পদে ৫ (পাচ) বৎসরের চাকুরী অথবা<br>সাট-মুদ্রাক্ষরিক পদে ৮ (আট) বৎসরের চাকুরী |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৫ | সাঁটলিপিকার | | Stenographers and Steno-Typists (Ministries, Divisions and Attached Department) Recruitment Rules, 1978 অনুযায়ী। | |
| ১৬ | সুপারভাইজার (ভাণ্ডার) | .. | ষ্টোর কিপারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ১৭ | হিসাব রক্ষক | অনুর্ধ ৩০ বৎসর | (ক) ১/২ ভাগ পদ হিসাব সহকারী-কাম-ক্যাশিয়ার এবং নিম্নমান সহকারী-কাম-ক্যাশিয়ারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ১/২ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে : এক বা একাধিক ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। |
| ১৮ | উচ্চমান সহকারী | .. | নিম্নমান সহকারী-কাম-টাইপিষ্টগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৯ | সাঁট-মুদ্রাক্ষরিক | | Stenographers and Steno-Typist (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | |
| ২০ | হিসাব রক্ষণ সহকারী (ক্যাশিয়ার) | | হিসাব সহকারী-কাম-ক্যাশিয়ার এবং নিম্নমান সহকারী-কাম-ক্যাশিয়ারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২১ | ষ্টোর কিপার | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চ মাধ্যমিক বা উহার সমমানের সার্টিফিকেট। ষ্টোর সংক্রান্ত কর্মে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | নিম্নমান সহকারী-কাম-টাইপিষ্ট। | L.D-Cum-Typist. Plain Paper Copier, Duplicating Machine Operater, Daftry, Despatch Rider and MLSS (Ministry, Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২৩ | নিম্নমান সহকারী-কাম-ক্যাশিয়ার। | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চ মাধ্যমিক বা উহার সমমানের সার্টিফিকেট। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৪ | হিসাব সহকারী-কাম-ক্যাশিয়ার। | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাণিজ্য অথবা বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক বা উহার সমমানের সার্টিফিকেট। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৫ | গাড়ী চালক | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাসসহ মোটরযান চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় ন্যূনপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ২৬ | এ্যামোনিয়া মেশিন অপারেটর। | অনুর্ধ ৩০ বৎসর | এম, এল, এস, এস, গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২৭ | ক্যাশ সরকার | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাস। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৮ | এম,এল,এস,এস | L.D-Cum-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operater, Daftry, Despatch Rider and MLSS (Minisiry, Divisions and Attached Departments) Recruitment Rules, 1985, অনুযায়ী। | | |
| ২৯ | চৌকিদার | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাসসহ সুস্বাস্থ্য। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০ | গার্ড | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাসসহ সুস্বাস্থ্য। |
| ৩১ | নৈশ প্রহরী | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাসসহ সুস্বাস্থ্য। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শহীদুল আলম
অতিরিক্ত সচিব।

**মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।**
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।